সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ

সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ

সামষ্টিক অর্থনীতি অনুবিভাগের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় ২০০৮ সালের অক্টোবর মাসে। এ অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যাবলীর মধ্যে রয়েছে: আর্থিক নীতি, মুদ্রানীতি, বিনিময় হার নীতি ও বহি:খাত সংক্রান্ত বিষয়াদির প্রয়োজনীয় বিশ্লেষণ ও সমন্বয় সাধন; খসড়া মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macroeconomic Framework-MTMF) প্রণয়ন এবং নিয়মিতভাবে হালনাগাদকরণ। এ অনুবিভাগ বাজেট অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস ও মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি (Medium Term Macroeconomic Policy Statement-MTMPS) প্রণয়ন; বাজেট বক্তৃতার খসড়া প্রণয়ন; সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির ওপর প্রতিবেদন/তথ্য বিবরণী প্রণয়ন; সরকারি সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কার্যকারিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থাপনা সংস্কারের সুপারিশ প্রণয়ন; সরকারের গুরুত্বপূর্ণ নীতিগত সিদ্ধান্ত ও উদ্যোগসমূহের মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ উন্নয়নের জন্য সুপারিশ প্রণয়ন; রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের quasi-fiscal কার্যক্রমের ফলে সম্ভাব্য আনুষঙ্গিক দায় (contingent liabilities) এবং তহবিলবিহীন দায়সমূহ (Unfunded liabilities) সংক্রান্ত বিষয়াদি; ইকনমিক মডেলিং সংক্রান্ত কার্যাবলি; বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ ইত্যাদি কার্যক্রম সম্পাদন করে থাকে। ২০১৬-১৭ অর্থবছরে এ অনুবিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

মধ্যমেয়াদি বাজেট কাঠামো সম্পর্কিত কার্যাবলীঃ

- মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো প্রণয়ন ও নিয়মিত হালনাগাদকরণ; এ কাঠামোতে রয়েছে অর্থনীতির চারটি খাত তথা-প্রকৃত, রাজস্ব, আর্থিক ও বহি:খাতের চলকসমূহের মধ্যমেয়াদি প্রক্ষেপণ
- মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো হালনাগাদকরণের লক্ষ্যে এমটিএমএফ ওয়ার্কিং গ্রুপের সভা আয়োজন
- আর্থিক, মুদ্রা ও বিনিময় হার সংক্রান্ত নীতি নির্ধারণ এবং এদের মধ্যে যথাযথ সমন্বয় সাধনের লক্ষ্যে নভেম্বর ২০১৬ ও এপ্রিল ২০১৭ মাসে এতদসংক্রান্ত কো-অর্ডিনেশন কাউন্সিলের মোট দুইটি সভা আয়োজন, কো-অর্ডিনেশন কাউন্সিলের সভার কার্যপত্র প্রণয়ন, রেকর্ড নোটস প্রস্তুতকরণ, সারসংক্ষেপ মাননীয় অর্থমন্ত্রী সমীপে উপস্থাপন, সভার সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাকে অবহিতকরণসহ যাবতীয় সাচিবিক কার্যাদি সম্পাদন
- সরকারি অর্থ বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ এর ১১ ধারামতে জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে মধ্যমেয়াদি (২০১৭-১৮হতে ২০১৯-২০ পর্যন্ত) সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি (বাংলা ও ইংরেজি সংস্করণ) প্রণয়ন; (এ নীতি বিবৃতিতে মধ্যমেয়াদে অর্থনীতির প্রবৃদ্ধির সম্ভাবনা, সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের মধ্যমেয়াদি প্রক্ষেপন, সরকারের রাজস্ব নীতির কৌশলগত অগ্রাধিকারসমূহ, সরকারের রাজস্ব আয়, সরকারি ব্যয়, বাজেট ঘাটতি, অর্থায়ন, অর্থায়নের উৎস, সরকারের ঋণ কৌশল ইত্যাদি বিষয়ে বিশ্লেষণ করা হয়ে থাকে)
- বাংলাদেশের অর্থনীতির জন্য Macro-fiscal Forecasting Model তৈরি ও দীর্ঘমেয়াদি গ্রোথ মডেল Long Term Growth Model (LTGM) কাজ সম্পাদন
- Macro-fiscal Database তৈরির কাজ সম্পাদন

বাজেট সংশ্লিষ্ট কার্যাবলী

- বাজেট বক্তৃতার ইনপুট সংগ্রহের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার প্রধানগণের বরাবরে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ, ইনপুট সংগ্রহ ও সংকলন
- বাজেট বক্তৃতার খসড়া প্রণয়ন
- বাজেট বক্তৃতার ইংরেজি অনুবাদ
- বাজেট বক্তৃতায় সরকারের বিগত পাঁচ বছরের (২০১১-১২ হতে ২০১৬-১৭) বাজেট ঘোষিত উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন/সারণি প্রস্তুতকরণ (ইতোমধ্যে সফলভাবে বাস্তবায়িত, বাস্তবায়নাধীন, চলমান ইত্যাদি)
- বাজেট বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য সংগ্রহ, বাজেট বাস্তবায়ন অগ্রগতি ম্যাট্রিক্স প্রণয়ন এবং তা হালনাগাদকরণ
- সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ এর ১৫ ধারামতে ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বাস্তবায়ন ও আয় ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন জাতীয় সংসদে উপস্থাপন
- মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপিত বাজেটপূর্ব ব্রিফিং এর জন্য সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি সংশ্লিষ্ট অংশের জন্য তথ্য উপাত্ত প্রদান, স্লাইড প্রস্তুতকরণ
- বিশ্বব্যাংকের বাজেট সাপোর্ট Development Policy Credit সংক্রান্ত কার্য সম্পাদন

ক্রেডিট রেটিং সংক্রান্ত কার্যাবলী

- Standard & Poor's (S&P), Moody's ও Fitch আন্তর্জাতিক ক্রেডিট রেটিং সংস্থার সাথে সভা অনুষ্ঠান, সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিষয়ে হালনাগাদ তথ্য সরবরাহ এবং অন্যান্য সাচিবিক সহায়তা প্রদান

রিপোর্টিং

- Monthly Macro-fiscal Update শীর্ষক প্রতিবেদন প্রস্তুতকরণ এবং অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশ
- Monthly Fiscal Report প্রস্তুতকরণ এবং তা অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ
- Year-end Report on Fiscal Position প্রণয়ন এবং তা অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ

জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে গবেষণাকর্ম সম্পাদন, ধারণাপত্র/পলিসি নোট প্রণয়ন

- Agriculture Subsidy: Its Fiscal and Economic Impact on Bangladesh Economy
- Social Safety Nets in Bangladesh: An Analysis and Future Issues
- Impact of Macroeconomic Variables on the Stock Market Returns in Bangladesh: Does a Meaningful Impact Exist?
- Trade Liberalization in Bangladesh: Present Status and Policy Implication
- FDI inflows in Bangladesh: Identifying its major determinants
- Workers' Remittance Inflow, Financial Development and Economic Growth: A Study on Bangladesh.

দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত কার্যাদি

- Local Consultative Group (LCG) working group এর কার্য সম্পাদন
- সার্ক, কমনওয়েলথসহ বিভিন্ন দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা ফোরাম সংশ্লিষ্ট বিষয়াদি প্রক্রিয়াকরণ
- Inter-governmental Expert Group (IGEG) on Financial Issues এবং SAARC Finance এর সাথে সম্পৃক্ত কার্যাদি সম্পাদন
- বিভিন্ন আন্তর্জাতিক চুক্তি যেমন-বাণিজ্য চুক্তি, বিনিয়োগ সহায়তা চুক্তি ইত্যাদি বিষয়ে মতামত প্রদান
- বাণিজ্য নীতি সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন

অন্যান্য

- মাননীয় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী বরাবরে জাতীয় সংসদে উপস্থাপিত দেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি সংক্রান্ত প্রশ্নোত্তর তৈরি এবং সংসদে প্রেরণ
- মাননীয় অর্থমন্ত্রী/সচিব মহোদয়ের নির্দেশনামতে তথ্য-উপাত্ত/বিশ্লেষণাত্মক লেখা/ কান্ট্রি ব্রিফ/ বক্তৃতার খসড়া/ মন্তব্য ইত্যাদি প্রদান
- SDG (টেকসই উন্নয়ন অভীষ্ট) সংক্রান্ত যাবতীয় কার্যাবলী
- "Skills for Employment Investment Program (SEIP)" সংক্রান্ত যাবতীয় কার্যাবলী
- Annual Performance Agreement (APA) ২০১৭ প্রণয়ন সংশ্লিষ্ট কাজ
- অর্থ বিভাগের অধীনে National Human Resource Development Fund (NHRDF) কার্যক্রম
- ষান্মাসিক ভিত্তিতে প্রণীত "SAARC Finance News Letter" এর জন্য তথ্য প্রস্তুত ও প্রেরণ
- CSR/SOF সংক্রান্ত গাইডলাইন প্রস্তুতকরণ
- বাজেটে ঘোষিত সরকারের অর্থনৈতিক নীতি-কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ধারণাপত্র/পলিসি পেপার তৈরি এবং উপস্থাপনা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন